
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ফের সালমানকে হুমকি! চিন্তায় ছবির নির্মাতারা

পৃঃ ৫



শূন্যের রেকর্ড 'কিং' কোহলির

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৮৫ ● কলকাতা ● ০৬ কার্তিক, ১৪৩১ ● বুধবার ● ২৩ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ঘূর্ণিঝড় ডানা মোকাবিলায় প্রস্তুত রাজ্য সরকার

# ঘূর্ণিঝড়ের ফলে ৮- জেলায় সরকারি ছুটি সমস্ত স্কুল ও কলেজ




**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** ধেয়ে আসছে ঘূর্ণিঝড় ডানা। যার জেরে বাংলার উপকূলের জেলাগুলোতেও প্রবল ক্ষতির আশঙ্কা রয়েছে। তবে পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত রাজ্য, মঙ্গলবার বিকেলে নবান্ন থেকে জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ৮ জেলায় ২৩ থেকে ২৬ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে স্কুল-কলেজ। বন্ধ থাকবে ফেরি চলাচল।প্রতিমুহূর্তে সতর্ক থাকার নির্দেশ ডিএম, এসপি-দের। নবান্নের পাশাপাশি জেলা স্তরেও করা হবে কন্ট্রোল রুম। ইতিমধ্যেই বিপজ্জনক এলাকার বাসিন্দাদের সরানোর কাজ শুরু হয়েছে বলে জানালেন তিনি। তোপ দাগলেন ডিভিসিকেও। আন্দামান সাগরে তৈরি ঘূর্ণাবর্ত বঙ্গোপসাগরে এসে সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। মঙ্গলবার গভীর নিম্নচাপে পরিণত হবে। এই গভীর নিম্নচাপ শক্তি বাড়িয়ে বুধবার প্রবল ঘুর্ণিঝড়ের রূপ নেবে। বৃহস্পতির সকালে ঘূর্ণিঝড় পৌঁছতে পারে বাংলা ও ওড়িশার উপকূলে। বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার ভোরের মধ্যে ওড়িশার পুরী ও বাংলার সাগরদ্বীপের মাঝে কোনও একটি জায়গায় আছড়ে পড়তে পারে। ডানার দাপটে বাংলার

এরপর ৩ পাতায়

## কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের

# দ্বারস্থ হলেন তিলোত্তমার বাবা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মঙ্গলবার সকালে আর জি কর হাসপাতালের মৃত চিকিৎসকের বাবা নিজেদের অসহায়তার কথা তুলে ধরে দেখা করার আর্জি জানিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ -কে মেইল করেন। আরজি কর কাণ্ডে সর্বত্র উত্তাল। তিলোত্তমার সুবিচার চেয়ে একাধিক দাবিতে জুনিয়র ডাক্তাররা আন্দোলন চালাচ্ছেন। অনশন উঠে গেলেও আগামী শনিবার গণ কনভেনশনের ডাক দেওয়া হয়েছে জুনিয়র ডাক্তারদের তরফ থেকে। এই পরিস্থিতিতে নিজের অসহায় পরিস্থিতির কথা জানিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের দারস্থ হলেন মৃত চিকিৎসকের বাবা। মঙ্গলবার জন্মদিনের শুভেচ্ছা জানানোর পাশাপাশি মেয়ের মৃত্যুর পরে তাঁদের মানসিক পরিস্থিতির কথা উল্লেখ করে দেখা করার জন্য অমিত শাহ এর সময় চান তিনি। যদিও এই বিষয় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দপ্তর থেকে এখনো কোনো জবাব মেলেনি।

## আদালতের নির্দেশ অমান্য করলে

# ফল ভালো হবে না যোগী সরকারকে হুঁশিয়ারি শীর্ষ আদালতের



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** যোগী সরকারকে সতর্ক করল দেশের শীর্ষ আদালত। আদালতের তরফ থেকে জানানো হয়েছে " আমাদের নির্দেশ আপনারা জানেন। তারপরও যদি আদালতে নির্দেশ অমান্য করার ঝুঁকি নিতে চান তাহলে তা করতে পারেন "। আদালতের নির্দেশ অমান্য করে বুলডোজার চালানোর ফল ভয়াবহ হবে।

সম্প্রতি বাহরাইচে সাম্প্রদায়িক হিংসার পর বেছে বেছে নির্দিষ্ট সম্প্রদায়ের বাড়িতে বুলডোজার অভিযান চালানো নির্দেশ দিয়েছিল যোগী সরকার। সেই নোটিশ প্রকাশ্যে আসার পর যোগী সরকারের পদক্ষেপের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেন তিন মামলাকারী। সেখানে বলা হয়েছে বাড়ি ভাঙ্গার জন্য মাত্র

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা








আবাসিক শিক্ষক চাই
বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন — সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স — মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন — ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী — বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস — দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬



### দিল্লিতে সংসদীয় কমিটি বৈঠকে তুলকালাম হাতাহাতির পরিস্থিতি তৈরি হয়,

# চেয়ারম্যানের ডেস্কের দিকেও ছুড়ে মারে কাচের বোতল হাত কাটল সাংসদ কল্যাণ ব্যানার্জীর





**দিল্লি: নিউজ সারাদিন :** দিল্লিতে যৌথ সংসদীয় কমিটির বৈঠকে তুলকালাম। ভাঙল কাচের বোতল। হাত কেটে গেল তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের। সূত্রের খবর, ওয়াকফ বিল সংক্রান্ত যৌথ কমিটির বৈঠকে এদিন বিজেপি সাংসদদের সঙ্গে, বিশেষ করে অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সঙ্গে তীব্র তর্কাতর্কিতে জড়িয়ে পড়েছিলেন কল্যাণ।কার্যত হাতাহাতির পরিস্থিতি তৈরি হয়। চরম উত্তেজনার মধ্যে, কল্যাণ বন্দেয়াপাধ্যায় একটি কাচের জলের বোতল টেবিলে মেরে ভেঙে ফেলেন বলে অভিযোগ। ওই বোতলের ভাঙা কাচে তাঁর নিজেরই হাত কেটে যায়। সূত্রের খবর, তৃণমূল সাংসদের বুড়ো আঙুল ও তর্জনীতে আঘাত লেগেছে। বিজেপি সাংসদদের অভিযোগ, কল্যাণ বন্দ্যোপাধ্যায় বোতলটি চেয়ারম্যানের ডেস্কের দিকেও ছুড়ে মারার চেষ্টা করেছিলেন।এই ঘটনার পর, দ্রুত কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে চিকিৎসার করাতে নিয়ে যাওয়া হয়। তাঁর হাতে চারটি সেলাই পড়েছে বলে জানা গিয়েছে। এরপর, ফের তিনি বৈঠক স্থলে ফিরে আসেন। এরপর কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে ধরে ধরে বৈঠকস্থলে ফিরিয়ে নিয়ে যান এআইমিম প্রধান আসাদউদ্দিন ওয়াইসি এবং আম আদমি পার্টির রাজ্যসভার সাংসদ সঞ্জয় সিং।বিজেপি সাংসদ, জগদম্বিকা পালের সভাপতিত্বে এই কমিটি গঠন করা হয়েছে। ওয়াকফ বিল সম্পর্কে অবসরপ্রাপ্ত বিচারপতি এবং আইনজীবীদের একটি দলের মতামত শুনছিল কমিটি। সেই সময়ই বিরোধীদের পক্ষ থেকে বিল বিষয়ে কিছু আপত্তি জানানো হয়। এই নিয়েই শুরু হয় বাক-বিতন্ডা। একটি সূত্রের দাবি, বৈঠকে অসংসদীয় ভাষা ব্যবহার করেছিলেন কল্যাণ। এই আচরণের জন্য কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে কমিটি থেকে বরখাস্ত করা হয়েছে।

### কেন্দ্রীয় ফরেন্সিক লাইব্রেরীতে

## পাঠানো হার্ডডিস্কের তথ্য জানতে মরিয়া সিবিআই




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** আরজিকর মামলার ট্রাম্প কার্ড হতে পারে এমন কিছু সিসিটিভির ফুটেজ হার্ডডিস্ক এর ভেতর বিশেষ ফাইলে রয়েছে এমনই মনে করছে সিবিআই। এই নিয়ে রহস্যের দানা বেঁধেছে। আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় তথ্য প্রমাণ লোপাট, টালা থানার ওসি এবং ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত হাসপাতালে প্রাক্তন অধ্যক্ষ ঘোষের চার্জশিট পেশ করার আগে ওই হার্ডডিস্ককে থাকা ফুটেজ গুলোর উপর সিবিআই গুরুত্ব দিচ্ছে। সেই জন্য আদালতের অনুমতি নিয়েই কেন্দ্রীয় ফরেন্সিক লাইব্রেরীতে ওই হার্ড ডিস্কগুলো পাঠানো হয়েছে। টালা থানার কয়েকটি ফুটেজ এবং আরজিকর হাসপাতালের সিসিটিভির ফুটেজ ঘিরে সন্দেহ প্রকাশ করেছিল সিবিআই। এই বিষয়ে সুপ্রিম কোর্টেও প্রশ্ন তোলা হয়। সিবিআই এর অভিযোগ তাদের হাতে এখনো সব ফুটেজ এসে পৌঁছায়নি যেগুলি এসেছে সেগুলির মধ্যেও অনেকটাই অসমাপ্ত। সেই জন্য টালা থানা এবং আরজি কর হাসপাতালের কয়েকটি কম্পিউটার সিবিআই আধিকারিকরা খতিয়ে দেখে সিবিআই দাবি করে কম্পিউটার হার্ডডিস্কে কিছু সিসিটিভি ফুটেজ ছিল।

অভিযুক্ত সঞ্জয় রায়ের বিরুদ্ধে চার্জশিট দাখিল করার আগে আর জি কর হাসপাতালের ৫১টি সিসিটিভি ফুটে সিবিআই আধিকারিকরা খতিয়ে দেখেন সিবিআই সূত্রে এমনি জানতে পারা গেছে। এই সিসিটিভি ফুটেজেই সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়ের গতিবিধি সিবিআই এর নজরে আসে। এই গতিবিধিই সঞ্জয় রায়ের বিরুদ্ধে চার্জশিটে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা উল্লেখ করেছে। এই মামলায় তথ্য লোপাট সংক্রান্ত যথেষ্ট প্রমাণ সিবিআই এর হাতে নেই। অন্যদিকে টালা থানার ওসি অভিজিৎ মন্ডল এবং সন্দীপ ঘোষের মোবাইলে বহু কথোপকথন মোবাইল থেকে মুছে ফেলা কল রেকর্ড এবং ভিডিও ফুটেজ সিবিআই উদ্ধার করেছে। ওই কল রেকর্ড ও ভিডিও ফুটেজের সঙ্গে সামঞ্জস্য রেখে তদন্ত চালাতে তদন্তকারী সংস্থার আধিকারিকরা বেশ কিছু সিসিটিভি ফুটেজের সন্ধান করছিল। কারণ সন্দীপ এবং অভিজিতের মত দুই অভিযুক্তর গতিবিধি এবং কার্যকলাপ জানার জন্য ওই সিসিটিভি ফুটেজের প্রয়োজন ছিল বলে দাবি করেছে সিবিআই।সিবিআই সূত্রে জানা গেছে চারটি কম্পিউটার থেকে তারা হার্ডডিস্ক খুলে সংগ্রহ করার পর শিয়ালদাও আদালতে আবেদন করে জানান সেগুলি কেন্দ্রীয় ফরেন্সিকে তারা পরীক্ষার জন্য পাঠাতে চান। সিবিআইয়ের এই আবেদন শিয়ালদা আদালত মঞ্জুর করে।

### মালদা জেলায় জলে ডুবে মৃত

## তিন ছাত্রের পরিবারের পাশে দাঁড়ালেন জেলাশাসক সহ রাজ্যের মন্ত্রী সাবিনা ইয়াসমিন ২ লক্ষ টাকা করে অনুদান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মালদায় জলে ডুবে মৃত তিন ছাত্রের পরিবারের পাশে দাঁড়ালেন মালদা জেলা শাসক নীতিন সিংহানিয়া সহ রাজ্যের মন্ত্রী সাবিনা ইয়াসমিন ও মালতিপুরের বিধায়ক আব্দুর রহিম বক্সী ।মালদার মালতিপুর বিধানসভার মাগুরা মহানন্দা নদীতে স্নান করতে নেমে জলে ডুবে মৃত্যু হয় তিন ছাত্রের। মঙ্গলবার শোকাহত পরিবারের সাথে দেখা করে সমবেদনা জানান মালদা জেলা শাসক নিতিন সিংহানিয়া, মন্ত্রী সাবিনা ইয়াসমিন মালদা জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি আব্দুর রহিম বক্সী ও বিডিও , পরিবারটির পাশে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় ২ লক্ষ টাকার অনুদান তুলে দিলেন । এছাড়াও ত্রাণ সামগ্রী তুলে দেন। এদিন উপস্থিত ছিলেন মালদা জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি আব্দুর রহিম বক্সী, সামসি বিডিও শেখর সেরফা, মালদা জেলা সভাধিপতি লিপিকা ঘোষ বর্মন, থেকে অঞ্চল ও ব্লক নেতৃত্ব।

### প্রাকৃতিক দুর্যোগ নিয়ে কাকদ্বীপ মহকুমা

## প্রশাসন সতর্ক রয়েছে



**বেবি চক্রবর্ত্তী:দক্ষিণ ২৪ পরগনা: নিউজ সারাদিন :** প্রাকৃতিক দুর্যোগ নিয়ে কাকদ্বীপ মহকুমা প্রশাসন সতর্ক রয়েছে। ইতিমধ্যেই কন্ট্রোল রুম খোলা হয়েছে। এছাড়াও ফ্ল্যাট সেল্টার ও স্কুল গুলিকে প্রস্তুত রাখা হয়েছে। এবিষয়ে কাকদ্বীপ মহকুমা শাসক মধুসূদন মন্ডল বলেন, প্রকৃতিক দুর্যোগ মোকাবিলা করতে মহকুমা প্রসাশন প্রস্তুত রয়েছে। সারাক্ষণের জন্য কন্ট্রোল রুম খোলা হয়েছে। ফ্লাট স্লেটার গুলিকেও প্রস্তুত রাখা হয়েছে।

আজ ২১ শে অক্টোবর উত্তর আন্দামান সাগরে থাকা ঘূর্ণাবর্তটি বর্তমানে নিম্নচাপে পরিণত হয়েছে। বকখালি ও পুরী উপকূল থেকে প্রায় ১০০০ কিমি দূরে রয়েছে। বাতাসের গতিবেগ রয়েছে ৩০ কিমি/প্রতি ঘন্টা ও বায়ুর চাপ রয়েছে ১০০৬ hpa । আগামী ২২ শে অক্টোবর সকালে এটি গভীর নিম্নচাপে পরিণত হবে এবং উত্তর-পশ্চিমে সরে আসবে। আগামী ২৩ শে অক্টোবর এটি ঘূর্নিঝড় ডানায় পরিণত হবে। সম্ভাব্য ল্যান্ডফল জোন হতে পারে পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা উপকূলীয় অঞ্চল। আছড়ে পড়ার সময় বাতাসের গতিবেগ থাকতে পারে ৯০-১১০ kmph (Gale wind) ও দমকা বাতাস ১২০ Kmph(gust). এর জেরে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা রয়েছে । এখনো পর্যন্ত লাল হলুদ কমলা সতর্কতা রয়েছে । বর্তমান সতর্কতা রয়েছে ওড়িশা অন্ধ্রপ্রদেশ পশ্চিমবঙ্গ ঝাড়খন্ড বিহার এবং উত্তর-পূর্বের রাজ্যসমূহ । যদিও সম্ভাব্য আছড়ে পড়া অঞ্চল চিহ্নিত হয়নি । পশ্চিমবঙ্গ ওড়িশা উপকূলের যেকোন স্থানে আছড়ে সম্ভাবনা। আগামী ১ থেকে দুদিন এই সম্পর্কিত ট্র্যাক প্রকাশ করা হবে। ওড়িশা ও পশ্চিমবঙ্গ উপকূলে আগামী ২৩ অক্টোবর থেকেই প্রভাব পড়তে শুরু করবে। ল্যান্ডফল ২৪ অক্টোবর হওয়ার সম্ভাবনা







### ১৭৮ ট্রেন বাতিল ঘূর্ণিঝড়ের জেরে,

## ছাড়ে হাওড়া-শালিমার থেকে, রইল পুরো তালিকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঘূর্ণিঝড় 'দানা'-র জেরে প্রাথমিকভাবে ১৭৮টি ট্রেন বাতিল করে দেওয়া হল। ইস্ট-কোস্ট রেলওয়ের (পূর্ব উপকূলীয় রেল) তরফে জানানো হয়েছে, প্রবল ঘূর্ণিঝড়ের জেরে বুধবার থেকে বিভিন্ন ট্রেন বাতিল করে দেওয়া হচ্ছে। বাতিল করে দেওয়া হয়েছে বৃহস্পতিবার এবং শুক্রবারের একগুচ্ছ ট্রেন। এমনকী আগামী শনিবার এবং আগামী ২৯ অক্টোবরের ট্রেনও বাতিল করে দেওয়া হয়েছে।ভারতীয় মৌসম ভবনের তরফে জানানো হয়েছে, আপাতত পূর্ব-মধ্য বঙ্গোপসাগরের উপরে গভীর নিম্নচাপ অবস্থান করছে। যা পশ্চিম ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে বুধবারের মধ্যে পূর্ব-মধ্য বঙ্গোপসাগরের উপরেই ঘূর্ণিঝড় 'দানা'-য় পরিণত হবে। তারপর আরও উত্তর-পশ্চিম দিকে এগিয়ে যাবে। বাড়াতে থাকবে শক্তি। আর বৃহস্পতিবার সকালের মধ্যে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের উপরে প্রবল ঘূর্ণিঝড় পরিণত হবে।যে তালিকায় হাওড়া-ফলকনুমা এক্সপ্রেস, শালিমার-পুরী ধৌলি এক্সপ্রেস, হাওড়া-ভুবনেশ্বর জনশতাব্দী এক্সপ্রেস, শালিমার-হায়দরাবাদ ইস্ট-কোস্ট এক্সপ্রেস, হাওড়া-তিরুচিরাপল্লি সুপারফাস্ট এক্সপ্রেস, হাওড়া-চেন্নাই মেল, শালিমার-চেন্নাই সেন্ট্রাল করমণ্ডল এক্সপ্রেস, শালিমার-পুরী শ্রী জগন্নাথ এক্সপ্রেস, শালিমার-পুরী গরিবরথ এক্সপ্রেস, নয়াদিল্লি-পুরী পুরষোত্তম এক্সপ্রেস, হাওড়া-পুরী বন্দে ভারত এক্সপ্রেসের মতো অসংখ্য ট্রেন আছে। সেইসঙ্গে ওইসব রুটের বিভিন্ন ডাউন ট্রেনও বাতিল করে দেওয়া হয়েছে।

## মার্কিন-ব্রিটিশ চাপ কতটা সামলাতে পারবে ভারত?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ব্রিটিশ কলাম্বিয়ায় কানাডার নাগরিক বিচ্ছিন্নতাবাদী শিখ নেতা হরদীপ সিং নিজ্জর হত্যার তদন্ত প্রক্রিয়ায় সহযোগিতা করতে ভারতের ওপর কূটনৈতিক চাপ প্রয়োগ করছে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য। কানাডার দাবি, শিখদের জন্য খালিস্তান নামে মাতৃভূমির দাবিতে চালিয়ে যাওয়া আন্দোলনের নেতা হরদীপ সিং নিজ্জরের হত্যার সাথে ভারত সরকারের এজেন্ট জড়িত।

গত বুধবার সংসদে এক প্রশ্নের জবাবে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্র'ডো বলেন, তিনি ভারতের সাথে কোনও বিতণ্ডা সৃষ্টি হয় এমন পরিবেশ তৈরি করতে চান না। কিন্তু ভারত কানাডার সার্বভৌমত্ব লঙ্ঘন করেছে।

ট্রুডো বলেন, 'ভারত সরকার কানাডার নিরাপত্তা এবং সার্বভৌমত্বে আগ্রাসীভাবে হস্তক্ষেপ করতে পারবে এমনটা ভেবে ভয়াবহ ভুল করেছে। কানাডিয়ানদের নিরাপত্তা নিশ্চিত করতে আমাদের উত্তর দিতে হবে।'

তবে কানাডার সরকার প্রধানের এমন অভিযোগকে 'অযৌক্তিক এবং অসংগত' বলে অভিহিত করেছে ভারত।

হত্যাকাণ্ডের প্রেক্ষিতে কানাডা ও ভারতের সম্পর্ক এতটাই তিক্ততায় পৌঁছেছে যে, দেশ দুটি কূটনীতিকদেরকে নিজ নিজ দেশ থেকে বহিষ্কার করেছে।

এদিকে, গত মঙ্গলবার মার্কিন যুক্তরাষ্ট্র বলেছে, ভারতের উচিত কানাডার অভিযোগ গুরুত্বের সাথে বিবেচনা করা এবং কানাডাকে তদন্তে সহায়তা করা।

একদিন পর যুক্তরাজ্য এক বিবৃতিতে জানায়, স্বাধীন তদন্তে যে তথ্য উঠে এসেছে তা

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## ঘূর্ণিঝড় ডানা মোকাবিলায় প্রস্তুত রাজ্য সরকার ঘূর্ণিঝড়ের ফলে ৮- জেলায় সরকারি ছুটি সমস্ত স্কুল ও কলেজ

উপকূলবর্তী এলাকায় প্রবল ক্ষয়ক্ষতির আশঙ্কা। এদিন নবান্নে এবিষয়ে সাংবাদিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জানান, পরিস্থিতি মোকাবিলায় একাধিক পদক্ষেপ করা হয়েছে। ডিএম-এসপিদের সতর্ক থাকতে বলা হয়েছে। ইতিমধ্যেই বহু মানুষকে উদ্ধার করে নিরাপদে নিয়ে আসা হয়েছে। জনপ্রতিনিধিদের নির্দেশ দেওয়া হয়েছে এলাকায় থাকতে, মানুষের সহযোগিতা করতে। পর্যাপ্ত খাবারের ব্যবস্থা করার নির্দেশ। মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছে, ২৪ তারিখ ল্যান্ডফলের কথা থাকলেও দুর্যোগ যে কোনও সময় ঘনিয়ে আসতে পারে। সেই কথা মাথায় রেখে ২৩ তারিখ থেকে ৩ দিন পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হুগলি, কলকাতা, পুরুলিয়া ও ঝাড়গ্রামে স্কুল ছুটি ঘোষণা করা হয়েছে। ফেরি চলাচলে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়ার ক্ষেত্রেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। পর্যটকদের সতর্ক করা হয়েছে। ইতিমধ্যেই উপকূলের জেলাগুলোতে শুরু হয়েছে মাইকিং। উল্লেখ্য, এদিনের বৈঠক থেকে ডিভিসি-কেও তোপ দাগেন মুখ্যমন্ত্রী। বলেন, তাঁদের জল ছাড়ার কারণেই সমস্যায় পড়তে হয় রাজ্যকে।

১-ম পাতার পর

## আদালতের নির্দেশ অমান্য করলে ফল ভালো হবে না যোগী সরকারকে হুঁশিয়ারি শীর্ষ আদালতের

তিন দিন সময় দিয়েছে সরকার। শুধু তাই নয় বাহরাইচ এর বিরুদ্ধে এফআইআর দায়ের হয়েছে তো তাদেরই পাঠানো হয়েছে এই বাড়ি ভাঙ্গার নোটিশ। মামলা শোনার পর আদালত নির্দেশ দিয়েছে বুধবার পর্যন্ত বুলডোজার চালাতে পারবে না সরকার।

যোগী রাজ্যে অপরাধীদের বিরুদ্ধে বুলডোজার চালানো নতুন কিছু নয়। রাষ্ট্রের কোপে পড়া ব্যক্তিদের বিরুদ্ধে লাগাতার বুলডোজার অভিযান চালিয়েছেন যোগী আদিত্যনাথ। তার এই পদক্ষেপের জন্য উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ 'বুলডোজার বাবা' নামেও পরিচিত। এই ঘটনায় বিতর্কের মুখে পড়ে যোগী আদিত্যনাথ জানিয়েছেন অপরাধীদের কি আরতি করতে হবে! তবে রাষ্ট্র নিয়ন্ত্রিত যন্ত্রদানবের দাপট রুখতে পদক্ষেপ করে সুপ্রিম কোর্ট। রাজনীতি ভারতীয় সংবিধান মূল চেতনা বা ভাবনার পরিপন্থী। কেউ অভিযুক্ত বা দোষী হলেই আর বাড়ি ভাঙা যায় না। কোন আইন নেই বাড়ি ভাঙার ক্ষেত্রে সুনির্দিষ্ট নিয়ম থাকা উচিত। ভাঙলে সেই পদ্ধতিতে ভাঙতে হবে। বেআইনি নির্মাণ ভাঙার যুক্তি দিয়ে বুলডোজার চালানো যায় না।

শুনানিতে মঙ্গলবার পরোক্ষভাবে যোগী সরকারকে সতর্ক করে অভিযানের বিরুদ্ধে আদালত জানায় সিদ্ধান্ত সরকারের হাতে। যদি তারা মনে করে নির্দেশ অমান্য করে বাহরাইচে তারা বুলডোজার চালাবে তবে নিজ দায়িত্ব এটা তারা করতেই পারে।

## ব্রিকস শীর্ষ বৈঠকে যোগদানের জন্য রাশিয়া সফরে যাওয়ার আগে প্রধানমন্ত্রীর বিবৃতি

**নয়াদিল্লি, ২২ অক্টোবর, ২০২৪ : নিউজ সারাদিন :** ১৬তম ব্রিকস শীর্ষ বৈঠকে যোগ দিতে রুশ ফেডারেশনের প্রেসিডেন্ট মহামান্য ভ্লাদিমির পুতিনের আমন্ত্রণে দুদিনের সফরে আমি আজ কাজান যাচ্ছি। আন্তর্জাতিক উন্নয়নমূলক কর্মসূচি, সংশোধিত বহুপাক্ষিকতা, জলবায়ু পরিবর্তন, আর্থিক সহযোগিতা, নিরবচ্ছিন্ন সরবরাহ শৃঙ্খল গড়ে তোলা, সাংস্কৃতিক বিকাশ এবং মানুষে মানুষে যোগাযোগ সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা ও মত বিনিময়ের গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে আত্মপ্রকাশ করেছে ব্রিকস। ভারত ব্রিকস-এর মধ্যে এই ঘনিষ্ঠ বোঝাপড়াকে গুরুত্ব দেয়। গত বছর ব্রিকসে নতুন সদস্যদের যুক্ত করা হয়েছে, যা আন্তর্জাতিক ক্ষেত্রে সুন্দর বাতাবরণের বার্তা দিচ্ছে। এ বছরের জুলাইয়ে মস্কোয় অনুষ্ঠিত বার্ষিক শীর্ষ বৈঠকের পর আমার এই কাজান সফর ভারত ও রাশিয়ার মধ্যে বিশেষ ও সুবিধাপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্বের ভিত্তি মজবুত করবে। ব্রিকসে অন্যান্য নেতৃবৃন্দের সঙ্গে সাক্ষাতের জন্য আমি সাগ্রহে তাকিয়ে রয়েছি।

## এক বছর ধরে চেন্নাইয়ে কাজ করছিল, কেউ ধরতেও পারেনি, গ্রেফতার ৪১ বাংলাদেশি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পাসপোর্ট ছাড়া ভারতে প্রবেশ। শুধু তাই নয়, এ দেশে এসে চুটিয়ে পরিযায়ী শ্রমিক হিসাবে কাজ করছিলেন তাঁরা। অবশেষে খবর যায় পুলিশের কাছে। সেই মতো মুর্শিদাবাদের রানিতলা থানার সাহেবনগর সীমান্ত এলাকা থেকে গ্রেফতার ৪১ জন। পুলিশ সূত্রে খবর, অভিযুক্ত যুবকদের মধ্যে চেন্নাইয়ে কাজ করছিলেন দু'জন।এছাড়াও বিভিন্ন জন বিভিন্ন জায়গায় কর্ণাটক বা অন্যান্য জায়গায় কাজ করেছিল। তারপরেই তারা বাংলাদেশে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নেয়। সেইমত সোমবার সমস্ত বাংলাদেশি যুবকরা একসাথে হয়ে সীমান্ত এলাকা দিয়ে বাংলাদেশে ফিরে যাওয়ার চেষ্টা করে। তখন পুলিশ খবর পেয়ে বিশেষ অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে। ধৃতদের সাত দিনের পুলিশি হেফাজতের আবেদন জানিয়ে মঙ্গলবার লালবাগ মহকুমা আদালতে তোলা হবে। একসঙ্গে ৪১ জন বাংলাদেশি নাগরিক গ্রেফতার হওয়ায় আতঙ্কের সৃষ্টি হয়েছে।বাংলাদেশে ফিরে যাওয়ার সময় গ্রেফতার হয় তাঁরা। জানা গিয়েছে, গোপন সূত্রে খবরের ভিত্তিতে বিএসএফ-এর সহযোগিতা ও রানিতলা থানার টিম ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী সাহেবনগর এলাকায় বিশেষ অভিযান চালায়। তারপরেই তাদের গ্রেফতার করে। এদের কারও কাছে বৈধ কাগজপত্র ছিল না। দালালের হাত ধরে এরা সকলেই অবৈধভাবে ভারতে প্রবেশ করে মুর্শিদাবাদের বিভিন্ন সীমান্ত এলাকায় মানুষের বাড়িতে আশ্রয় নিয়েছিল। সেখান থেকে দুজন চেন্নাই কাজে যায়।

## আগামী প্রজন্মের জন্য দূষণমুক্ত পরিবেশের সুস্থায়িত্বের প্রসারে গ্রিন হাইড্রোজেন ফুয়েল সেল বাস আমাদের এক প্রয়াস: প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২১ অক্টোবর, ২০২৪ : নিউজ সারাদিন :** ভূটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে গ্রিন হাইড্রোজেন ফুয়েল সেল বাসে ভ্রমণ করায় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আনন্দ প্রকাশ করেছেন। গ্রিন হাইড্রোজেন ফুয়েল সেল বাস সম্পর্কে মন্তব্য করতে গিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, আগামী প্রজন্মের দিকে তাকিয়ে দূষণমুক্ত পরিবেশের সুস্থায়িত্বের প্রসারে গ্রিন হাইড্রোজেন ফুয়েল সেল বাস ভারতের এক প্রয়াস স্বরূপ। এক্স হ্যান্ডেলে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রীর একটি পোস্টের উত্তরে শ্রী মোদী বলেছেন :

"প্রধানমন্ত্রী শেরিং তোবগে গ্রিন হাইড্রোজেন ফুয়েল সেল বাসে সওয়ার হয়েছেন দেখে আমি আনন্দিত। এই জাতীয় বাস আগামী প্রজন্মের জন্য দূষণমুক্ত পরিবেশের সুস্থায়িত্ব প্রসারের লক্ষ্যে আমাদের প্রয়াসের এক নমুনা স্বরূপ।"

## সুবর্ণরেখা নদী থেকে অবৈধ বালি পাচারের অভিযোগে বাজেয়াপ্ত ৩ টি পকলেন ও ১টি বালি বোঝাই ট্রাক

**অরূপ ঘোষ,ঝাড়গ্রাম : নিউজ সারাদিন :** গোপীবল্লভপুরের আঠাঙ্গীতে সুবর্নরেখা নদীর বালি অবৈধভাবে পাচারের অভিযোগ করে জরিমানা করল প্রশাসন! সোমবার রাতে গোপীবল্লভপুরের আঠাঙ্গীতে অবৈধ বালি খাদানে অভিযান চালান পুলিশ প্রশাসন ও ভূমি দপ্তর।এদিন সেখানে পকলেন দিয়ে দেদার সুবর্ণরেখা নদীর বালি তোলা চলছিল। নদীর পাড়েই লম্বা লাইন পড়েছিল বালি বোঝাই লরির। অতর্কিতে সে সময় পুলিশের বিশাল বাহিনী ও ভূমি দপ্তরের আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছান। বালি লুটেরা পুলিশ বাহিনীকে দেখে হকচকিয়ে যায়। এবার আর পালানোর পথ পায় না। পুলিশ আটক করে তিনটি পকলেন ও একটি বেআইনি বালি বোঝাই ট্রাক। দীর্ঘ দিন ধরে এলাকাবাসীর অবৈধ বালি পাচার নিয়ে অভিযোগ ছিল। অবৈধ বালি পাচার নিয়ে মুখ্যমন্ত্রীর সাবধান বার্তার পরও কাজ হচ্ছিলো না। স্থানীয় নেতা ও প্রশাসনের একাংশের মদতে পাচারকারীরা বেপরোয়া ছিল।বেআইনিভাবে বালি পচার হচ্ছিলো বিভিন্ন জায়গায়। আচমকা সোমবার রাতে ঝাড়গ্রাম জেলা প্রশাসনের নির্দেশে গোপীবল্লভপুরের আঠাঙ্গী বালি খাদানে অভিযান চালায়

এরপর ৪ পাতায়






## আবগারি দুর্নীতি মামলায় শীর্ষ আদালতে তোপের মুখে ইডি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ছত্তিশগড়ে আবগারি দুর্নীতি মামলায় প্রাক্তন আমলাকে গ্রেফতারের ঘটনায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডিকে তীব্র ভর্ৎসনা করলো সুপ্রিম কোর্ট।

ছত্তিশগড়ে কংগ্রেস সরকারের শাসনকালে আবগারি দুর্নীতির অভিযোগে তদন্ত শুরু করেছে ইডি। ২০১৯ থেকে ২০২২ এই সময়কালে ২১০০ কোটি টাকার আবগারি দুর্নীতি হয়েছে। এই মামলায় গত এপ্রিল মাসে গ্রেফতার করা হয় তৎকালীন আইএএস আধিকারিক অনিল টুটেজাকে। সোমবার শীর্ষ আদালত এই মামলার শুনানিতে গ্রেফতারির বৈধতা নিয়ে ইডির বিরুদ্ধে অতি সক্রিয়তার অভিযোগ তুলে আদালত জানিয়েছে " ভুলে যাবেন না দেশের সংবিধানে 'আর্টিকেল ২১' বলেও কিছু আছে। যা একজন নাগরিককে জীবনের ও ব্যক্তি স্বাধীনতার অধিকার দেয়। সেই অধিকার কেন্দ্রীয় এজেন্সি কেড়ে নিতে পারে না"। প্রাক্তন এই আধিকারিক এর আইনজীবী আদালতকে জানান ২০ এপ্রিল বাংলায় জিজ্ঞাসাবাদের মুখোমুখি হতে কাল এগারোটায় অ্যান্টি করাপশন ব্রাঞ্চের অফিসে আসেন অনিল। জিজ্ঞাসাবাদ চলাকালীন ইডির অফিসাররা উপস্থিত ছিলেন। সেখানেই সমনের নোটিশ ধরানো হয়। যার মেয়াদ ছিল সেদিন দুপুর বারোটা পর্যন্ত। ফলে সমনের মেয়াদ পেরিয়ে যাওয়ায় গ্রহণ করেন নি। এরপর ইডির তরফে নতুন সমনের নোটিশ দিয়ে জানানো হয় সাড়ে পাঁচটায় ইডির অফিসে হাজিরা দিতে হবে।

অ্যান্টি কোরাপশন ব্রাঞ্চের অফিসে জিজ্ঞাসাবাদের পর সেখানকার আধিকারিকরা টুটেজাকে ইডির অফিসে নিয়ে যায়। সারারাত ধরে সেখানে জিজ্ঞাসাবাদের পর ২১এপ্রিল ভোরে তাঁকে গ্রেফতার করা হয়। ইডির এই অতি সক্রিয়তায় ক্ষুব্ধ শীর্ষ আদালত। এদিন আদালত প্রশ্ন তোলে " অ্যান্টি করাপশন ব্রাঞ্চ যখন এই মামলায় জিজ্ঞাসাবাদ করছে সেখানে সেই দিনই ইডির জিজ্ঞাসাবাদের কী প্রয়োজন? ইডি কীভাবে একটি তদন্তকারী সংস্থার জিজ্ঞাসাবাদের মাঝে সেখানে গিয়ে নোটিশ দিতে পারে? এ বি সির আধিকারিকরা কেন অভিযুক্তকে ইডির অফিসে নিয়ে যাবেন? এত তাড়াহুড়ো তো গুরুতর অপরাধ মামলা বা সন্ত্রাসবাদি মামলার ক্ষেত্রেও ঘটে না "। আদালতের এই কড়া তোপের মুখে পড়ে ইডি জানায়, " অভিযুক্ত নিজের ইচ্ছাতেই ইডির অফিসে এসেছিলেন। তাঁকে জোড় করা হয়নি"। অন্যদিকে এই গ্রেফতারি অবৈধ বলে দাবি করে প্রাক্তন অমলার জামিনের দাবী জানান তাঁর আইনজীবী।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৮৫ সংখ্যা ২৩ অক্টোবর, ২০২৪ বুধবার ০৬ কার্তিক, ১৪৩১

৩ পাতার পর

# মার্কিন-ব্রিটিশ চাপ কতটা সামলাতে পারবে ভারত?

নিয়ে কানাডার মিত্রদের সাথে যোগাযোগ করছে দেশটি। কানাডার বিচারব্যবস্থার ওপর যুক্তরাজ্যের পূর্ণ আস্থা রয়েছে। সার্বভৌমত্ব ও আইনের শাসনের প্রতি শ্রদ্ধা থাকা খুব গুরুত্বপূর্ণ।

নাম প্রকাশ না করার শর্তে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র বলেন, এই বিষয়টি যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের সাথে ভারতের সম্পর্কে বড় কোনও প্রভাব ফেলবে না।

'যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্যের সাথে আমাদের গভীর ও শক্তিশালী সম্পর্ক রয়েছে। কানাডার অভিযোগের ফলে পশ্চিমা মিত্রদের সাথে আমাদের সহযোগিতার সম্পর্কের অবনতি ঘটবে না।'

একই সুরে কথা বললেন মন্ত্র ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজিক স্টাডিজের প্রেসিডেন্ট শান্থী ম্যারিয়েট ডি' সুজা। তার মতে, ওয়াশিংটন ও লন্ডনের সাথে নয়াদিল্লির সম্পর্ক বহুমাত্রিক। কোনও একটি ঘটনা পুরো সম্পর্ককে প্রভাবিত না করার সম্ভাবনাই বেশি।

তবে বিশেষজ্ঞদের অনেকেই মনে করছেন, সম্পর্ক যা-ই হোক না কেন, এই ঘটনায় আন্তর্জাতিক পরিসরে ভারতের সুনামকে ক্ষুণ্ণ করবে।

সাম্প্রতিক বছরগুলোতে দক্ষিণ এশিয়ার দেশ ভারতের সাথে সম্পর্ক শক্তিশালী করার চেষ্টা করছে যুক্তরাষ্ট্র। চীনের ক্রমবর্ধমান প্রভাব ঠেকাতে নয়াদিল্লি শক্তিশালী মিত্র এমন বিবেচনায় সম্পর্ক মজবুত করার চেষ্টা করছে ওয়াশিংটন।

সামরিক খাতেও দেশ দু'টি পরস্পরের কাছে আসছে। গত সপ্তাহে যুক্তরাষ্ট্র থেকে সামরিক ড্রোন কেনার জন্য চার বিলিয়ন ডলারের চুক্তি স্বাক্ষর করেছে দিল্লি।

ভারতের সঙ্গে সম্পর্ক দৃঢ় করতে এগিয়ে আসছে যুক্তরাজ্যও। এরই মাঝে ভারত ও যুক্তরাজ্য একটি মুক্ত বাণিজ্যের চুক্তি করার পথে। খুব দ্রুতই এই চুক্তি আলোর মুখ দেখবে বলে জানা গেছে।

## সম্পাদকীয়

### কর্মযোগী শপথ'- জাতীয় শিক্ষা সপ্তাহ-এর সূচনা করলেন প্রধানমন্ত্রী

নয়া দিল্লির ডঃ আম্বেদকর আন্তর্জাতিক কেন্দ্রে আজ 'কর্মযোগী শপথ'- জাতীয় শিক্ষা সপ্তাহ-এর সূচনা করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এই কর্মসূচির সূচনা উপলক্ষে আয়োজিত এক সমাবেশে শ্রী মোদী বলেন যে মিশন কর্মযোগী-র মাধ্যমে যে লক্ষ্য পূরণে আমরা আগ্রহী তা হল এমন এক মানবসম্পদ গড়ে তোলা যা দেশের উন্নয়নের যাত্রাপথে এক চালিকাশক্তির ভূমিকা পালন করবে। এই আবেগ ও অনুভূতি নিয়ে যদি আমরা কাজ করে যাই, তাহলে কোন ভাবেই দেশের অগ্রগতি ব্যাহত হবে না। জাতীয় শিক্ষা সপ্তাহে অর্জিত নতুন শিক্ষা, জ্ঞান ও অভিজ্ঞতা সার্বিক ভাবে কর্মক্ষেত্রে শক্তি যোগানোর পাশাপাশি তা কাজের মানও উন্নত করে তুলবে। আর এই ভাবেই আগামী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্য বাস্তবায়িত হবে। গত ১০ বছরে সরকারি কাজকর্মে কর্মীদের মানসিকতার কিভাবে পরিবর্তন ঘটেছে তা সংক্ষেপে বর্ণনাও করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন যে এর সুফল আজ সাধারণ মানুষ ভোগ করতে পারছেন। সরকারি কাজকর্মের মধ্য দিয়ে সংশ্লিষ্ট কর্মীদের নিরলস প্রয়াস ও প্রচেষ্টাই একদা অসম্ভবকে আজ সম্ভব করে তুলেছে। 'মিশন কর্মযোগী' হল তার লক্ষ্য পূরণে এক সুচিন্তিত পদক্ষেপ। প্রধানমন্ত্রী বলেন, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা সারা পৃথিবীর কাছে এক বিশেষ সুযোগ নিয়ে উপস্থিত। কিন্তু ভারতের ক্ষেত্রে তা একাধারে একটি চ্যালেঞ্জ ও সুযোগও বটে। প্রসঙ্গত দু-ধরনের এআই-এর কথা এদিন উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তার মধ্যে একটি হল আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা এবং অন্যটি হল অ্যাসপিরেশ্যানাল ইন্ডিয়া অর্থাৎ এক বিশেষ লক্ষ্য পূরণে আগ্রহী ভারত। এই দুইয়ের মধ্যে সামঞ্জস্য ও ভারসাম্য রক্ষার ওপর জোর দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সুনির্দিষ্ট লক্ষ্যে আগ্রহী ভারতের লক্ষ্য পূরণ যদি আমরা চরিতার্থ করতে যাই, তাহলে অবশ্যই আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্য গ্রহণ করতে হবে। প্রধানমন্ত্রী বলেন, ডিজিটাল রূপান্তর প্রচেষ্টা এবং সমাজ মাধ্যমের কল্যাণে তথ্য প্রচার ও প্রকাশের ক্ষেত্রে এক ধরনের সমতা আমরা লক্ষ্য করতে পারি। আবার এআই-এর সাহায্যে তথ্যের প্রয়োগ ও ব্যবহারও ক্রমশ আরও সহজ হয়ে উঠেছে। এই ভাবে দেশের নাগরিকরা প্রয়োজনীয় তথ্য সম্পর্কে অবহিত ও অবগত হয়ে ক্ষমতায়নের স্বাদ অনুভব ও উপলব্ধি করতে পারছেন। এই কারণে সরকারি কর্মীদের উচিত সর্বশেষ প্রযুক্তিগত উন্নয়ন সম্পর্কে সর্বদাই ওয়াকিবহল থাকা। এই প্রচেষ্টায় 'মিশন কর্মযোগী' সাফল্য এনে দিতে পারে। প্রসঙ্গত উদ্ভাবনমূলক এবং উদ্ভাবনপ্রসূত চিন্তা-ভাবনার ওপর বিশেষ গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, স্টার্টআপ সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান এবং দেশের তরুণ ও যুবকদের কাছ থেকে সাহায্য ও সহায়তা গ্রহণ করে আমরা নাগরিক কেন্দ্রিক চিন্তা-ভাবনার একটি মঞ্চ গড়ে তুলতে পারি। আইজিওটি মঞ্চটির বিশেষ প্রশংসা করে শ্রী মোদী বলেন, ৪০ লক্ষেরও বেশি সরকারি কর্মী তাতে তাঁদের নাম নথিভুক্ত করেছেন। এই মঞ্চটিতে ১৪০০-রও বেশি কোর্স চালু হয়েছে এবং দেড় কোটির মতো শংসাপত্র দানেরও ব্যবস্থা রয়েছে, যা ইতিমধ্যেই সংশ্লিষ্ট কর্মী ও আধিকারিক লাভ করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, মিশন কর্মযোগীর কাজ শুরু হয় ২০২০-র সেপ্টেম্বর মাসে। আন্তর্জাতিক পরিস্থিতি ও প্রেক্ষাপটে ভবিষ্যতের উপযোগী সরকারি সেবা গড়ে তোলাই ছিল এই কর্মসূচির লক্ষ্য। জাতীয় শিক্ষা সপ্তাহে আমাদের এই প্রচেষ্টা নতুন ভাবে উৎসাহিত হবে।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)

কার দিন কী ভাবে যাবে কেউ বলতে পরে না,জীবনে চলার পথে কেউ রাজা কেউ বা ফকির। এ সবই তার লীলা লেখা,তিনি আমাদের পরিচালনা করে। এই ভবতারিণী মা কালী কালীঘাটের শক্তি মানব কল্যাণী একমাত্র পথ। সেই পথের পথিক বহু যুগ ধরে ঘটে আসছে। আমার সবাই জানি তার মহিমা এবং তার অলৌকিক শক্তি কথা । তাই বলাই ভালো কলকাতাতে অনেক ধর্মীয় স্থান আছে। কিন্তু সবচেয়ে প্রাচীন হল কালীঘাটের কালী মন্দির।

যাঁরা কলকাতায় বেড়াতে আসেন বা থাকেন তাঁরা কেউই কালীঘাট মন্দির দেখেননি এমন হয় না।



মায়ের ভক্তরা বিশ্বাস করে যে কালী ঠাকুর কখনও তাঁর ভক্তদের খালি হাতে ফেরান না।

তবে কালীঘাটের কালী মন্দির কবে সৃষ্টি হল সে ইতিহাসের কোন ধারাবাহিক বিবরণ পাওয়া যায় নি। তবে আমরা সকলেই জানি প্রাচীন কলকাতার অন্যতম একটি দর্শনীয় পীঠস্থান হল কালীঘাটের মন্দির। ঐতিহাসিক ভাবে এই কালীঘাট অঞ্চলটি যথেষ্ট গুরুত্বপূর্ণ। শোনা যায় এই কালীঘাটের অধিষ্ঠাত্রী দেবী নাকি খুব জাগ্রত। তাই প্রতিদিন বহু দূরদূরান্ত থেকে প্রচুর দর্শনার্থীদের সমাগম হয় এই মন্দির চত্বরে। এই কালীঘাটেই রয়েছে আদি গঙ্গা। যদিও এখন এই গঙ্গা একদমই রুগ্ন। হারিয়েছে তার নাব্যতা। কিন্তু হিন্দু ধর্মের মানুষের কাছে এই আদি গঙ্গার জল এখনও পবিত্র। একসময় এই আদি-গঙ্গাই ছিল কলকাতার লাইফলাইন। এছাড়া মন্দিরের কিছু দুরেই রয়েছে কলকাতার বিখ্যাত ক্যাওড়াতলা শ্মশান। কলকাতার প্রধান শ্মশান। কলকাতার বিখ্যাত সব মানুষদের শেষকৃত্য এই শ্মশানেই হয়ে থাকে। রবীন্দ্রনাথ থেকে শুরু করে, বীরেন্দ্রকিশোর ভদ্র, উত্তম কুমার, সুচিত্রা সেন প্রমুখের শেষকৃত্য এই শ্মশান ঘাটেই সম্পন্ন হয়েছে। হিন্দুদের বিশ্বাস এই শ্মশানে দেহ সৎকার হলে দেবীর আশীর্বাদে পুণ্য লাভ করা যায় পর পারের জন্যে। এ কথা বলতে গেলে আরো বলতে হয়,পৌরাণিক কাহিনি অনুসারে, এখানে সতীর ৫১ দেহখণ্ডের মধ্যে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# মমতার সাথে বৈঠকের পর অনশন প্রত্যাহার জুনিয়র ডাক্তারদের, সর্বাত্মক ধর্মঘটও প্রত্যাহার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মমতার সাথে বৈঠকের পর অনশন প্রত্যাহার জুনিয়র ডাক্তারদের, সর্বাত্মক ধর্মঘটও প্রত্যাহার

গত দুই মাসের বেশি সময় ধরে পশ্চিমবঙ্গের স্বাস্থ্যক্ষেত্রে যে অচলাবস্থা চলে আসছিল, তা কাটাতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে বৈঠক করলেন আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা। সোমবার বিকালে রাজ্য সরকারের সচিবালয় নবান্নের সভাঘরে জুনিয়র ডাক্তারদের ১০ দফা দাবি নিয়ে প্রায় দুই ঘণ্টা আলোচনা চলে।

বৈঠক শেষে জুনিয়র চিকিৎসকরা জানান, আরজি করের নিহত তিলোত্তমার বাবা-মায়ের আবেদনে সাড়া দিয়ে এবং সাধারণ মানুষের কথা ভেবেই আমরা আমরণ অনশন প্রত্যাহার করলাম। সেক্ষেত্রে অনশন শুরুর ১৭ দিনের মাথায় এই অনশন কর্মসূচি প্রত্যাহার করা হলো। একইসাথে মঙ্গলবার গোটা রাজ্য জুড়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে যে সর্বাত্মক স্বাস্থ্য ধর্মঘট শুরু করার কথা ছিল, সেই পথ থেকেও সরে আসছেন জুনিয়র চিকিৎসকরা। চিকিৎসকদের এই সিদ্ধান্তে আপাতত স্বস্তি স্বাস্থ্য ক্ষেত্রে।

যদিও এ ব্যাপারে 'ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট' (WBJDF) এর প্রতিনিধি ডা. দেবাশীষ হালদার জানান, 'লড়াই এগিয়ে নিয়ে যাওয়ার অঙ্গীকার রেখেই আমরা অনশন প্রত্যাহার করলাম। তবে আমাদের আন্দোলন চলতে থাকবে।' আরজি করের ঘটনার সুবিচারসহ বিভিন্ন দাবি পূরণে আগামী শনিবার আরজিকর মেডিকেল কলেজ এবং হাসপাতালে মহাসমাবেশের ডাক দিয়েছেন জুনিয়র ডাক্তারদের সংগঠন।

পূর্ব নির্ধারিত সময়সূচি অনুযায়ী, সোমবার ধর্মতলার ওয়াই চ্যানেলে অনশন মঞ্চ থেকে বিকাল ৫টার মধ্যেই নবান্ন চলে আসেন জুনিয়র চিকিৎসকরা। বৈঠক হওয়ার কথা ছিল ৪৫ মিনিট। কিন্তু দুই পক্ষের পাল্টাপাল্টি দাবি নিয়ে সেই বৈঠক চরে দু'ঘণ্টা। সোমবারের সেই




বৈঠকের পুরোটাই সরাসরি সম্প্রচার দেখেন গোটা রাজ্যের মানুষ। এই বৈঠকে জুনিয়র চিকিৎসকদের কিছু দাবিতে সরকারের পক্ষ একদিকে যেমন সম্মতি জানায়, ঠিক সেভাবেই বেশ কিছু দাবিতে মতানৈক্য দেখা দেয় দুই পক্ষের মধ্যে। এমনও দেখা যায়, বেশ কিছু ইস্যুতে মুখ্যমন্ত্রীর সঙ্গে জুনিয়র চিকিৎসকদের রীতিমতো বাদানুবাদ তৈরি হয়।

এদিন মুখ্যমন্ত্রী ছাড়াও সরকারের তরফে উপস্থিত ছিলেন মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, স্বাস্থ্য দপ্তরের প্রধান সচিব নারায়ণ স্বরূপ নিগম, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারসহ সরকারের শীর্ষ কর্মকর্তারা। অন্যদিকে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের প্রতিনিধি দলে ছিল ১৭ জন সদস্য।

একসময় জুনিয়র চিকিৎসকদের কাছে কার্যত অনুনয়-বিনয় করা হয় বৈঠক শেষ করার জন্য। কারণ, এদিন সন্ধ্যায় নবান্নে আরেক নির্যাতিতার পরিবারের সদস্যদের সাথে দেখা করার কথা ছিল মুখ্যমন্ত্রীর। অবশেষে সেই বৈঠক থামে সন্ধ্যা ৭টার কিছু পরে।

বৈঠক শেষে জুনিয়র চিকিৎসকরা সোজা চলে আসেন ধর্মতলার ওয়াই চ্যানেলে অনশন মঞ্চে। সেখানে নিজেদের মধ্যে জেনারেল বডি (জিবি) বৈঠক করেন তারা। এরপর সংবাদ ব্রিফিংয়ে তারা জানান, আর একটা অভয়া বা তিলোত্তমা যাতে না হয় এই ব্যাপারে সরকারকে নিশ্চিত করতে হবে। আরজি করের সাবেক প্রিন্সিপাল ডা. সন্দীপ ঘোষ, ডা. অভীক দে বা ডা. বিরুপাক্ষ বিশ্বাসের মতো মানুষের জন্যই অভয়ার মতন ঘটনা ঘটেছে বলেও অভিযোগ করেন ডা. দেবাশীষ হালদার।

আন্দোলনের অন্যতম মুখ ডা. দেবাশীষ হালদার জানান, আন্দোলনের মাধ্যমে আমরা নির্বাচনের দাবি ছিনিয়ে আনতে পেরেছি। আগামী বছরের মার্চে মেডিকেল কলেজগুলিতে ভোট হবে বলে মুখ্যমন্ত্রী কথা দিয়েছেন। এটা একটা জয়। তবে থ্রেট কালচার নিয়ে বলতে গেলে মুখ্যমন্ত্রী রীতিমতো ধমক দিয়ে চুপ করিয়ে দিয়েছেন।

যদিও মমতার সরকারের প্রশাসনের শরীরী ভাষা বা আচরণ সেটা কোনভাবেই মেনে নিতে পারেননি জুনিয়র ডাক্তাররা। সম্মেলন করে এদিন জুনিয়র চিকিৎসকরা পরিষ্কার জানিয়ে দেন, মুখ্যমন্ত্রীর সরকারের শরীরী ভাষা আমাদের একেবারেই ভালো লাগেনি। আমাদের বুকে যে 'ওয়ান্ট জাস্টিস' বলে যে ব্যাজ লাগানো ছিল সেটা পরে ঢুকতে দেওয়া হয়নি।

এদিনের বৈঠকে জুনিয়র চিকিৎসকদের অন্যতম দাবি ছিল স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগমকে তার পদ থেকে অপসারণ করা। সেই দাবিকে খারিজ করে দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, একটা মানুষের অভিযোগ প্রমাণের আগে তাকে অভিযুক্ত বলা যায় না। আমি এটা লিগাল পয়েন্ট থেকে আপনাকে বলছি। এরপরই অন্য এক জুনিয়র নারী চিকিৎসক পাল্টা জবাব দেন, স্বাস্থ্য সচিবের বিরুদ্ধে অভিযোগ উঠেছে। তাই তিনি একজন অভিযুক্ত, তাকে আমরা অভিযুক্তই বলবো। যখন তার বিরুদ্ধে আনা অভিযোগ প্রমাণিত হবে তখন তাকে আমরা দোষী বলবো। এটাই ব্যাকরণগতভাবে ঠিক।'

তবে এর আগে একাধিকবার প্রচেষ্টা নেওয়া হলেও মুখ্যমন্ত্রী ও তার প্রশাসনের সাথে জুনিয়র চিকিৎসকদের বৈঠক অনুষ্ঠিত হয়নি। গত মাসেই মুখ্যমন্ত্রীর সাথে বৈঠকের আগে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের দাবি ছিল সেই বৈঠক যেন সরাসরি সম্প্রচার (লাইভ স্ট্রিমিং) করা হয়। যদিও আইনের দোহাই দিয়ে লাইভ স্ট্রিমিং-এ রাজি হননি মুখ্যমন্ত্রী। স্বাভাবিকভাবেই দুই পক্ষের অনড় মনোভাবের কারণে বারংবার ভেস্তে গিয়েছে বৈঠক। তার ফল ভুগতে হয়েছে রাজ্যের সাধারণ মানুষকে।

এমন এক পরিপ্রেক্ষিতে গত ৫ অক্টোবর থেকে ধর্মতলার ওয়াই চ্যানেলে আমরণ অনশনে বসেন জুনিয়র চিকিৎসকরা। আর এই অনশন করতে গিয়ে বিভিন্ন সময় বেশ কয়েকজন চিকিৎসক অসুস্থ হয়ে পড়ার কারণে তাদের হাসপাতালে ভর্তি করা হয়। তার পরিবর্তে অন্য চিকিৎসকরা অনশন শুরু করেন। এরই মধ্যে গত শনিবার রাজ্য সরকারকে কার্যত হুঁশিয়ারি দিয়ে জুনিয়র চিকিৎসকরা ঘোষণা দেন, 'সমস্যা মেটাতে সোমবার পর্যন্ত সরকার যদি কোনো সদিচ্ছা না দেখায়, তবে মঙ্গলবার থেকেই গোটা রাজ্য জুড়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে স্বাস্থ্য ধর্মঘট শুরু হবে।' এরপরই টনক নড়ে সরকারের। সোমবার সন্ধ্যায় জুনিয়র চিকিৎসকদের সাথে বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী ও তার সরকারের সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই নাম-গুলির রাজকীয়তা তাদের স্পর্শ করে যা কোন ফ্যাশনের থেকে কোনও অংশে কম নয়।দেবী লক্ষ্মীর নামের এই বিস্তৃত তালিকা থেকে আপনার পছন্দের নামটি নির্বাচন করুন নবজাতিকার জন্য এবং তাদের জীবনকে আরও সমৃদ্ধ করে তুলতে সাহায্য করুন।এই যুগের হাল-ফ্যাসন দোরস্ত নাম-গুলি সম্পর্কে আরও জানতে পড়ুন এবং নির্বাচন করুন সবচেয়ে সেরা সুন্দর নামটি আপনার ছোট্ট কন্যা-সন্তানটির জন্য।

ক্রমশঃ

৩ পাতার পর

# সুবর্ণরেখা নদী থেকে অবৈধ বালি পাচারের অভিযোগে বাজেয়াপ্ত ৩ টি পকলেন ও ১টি বালি বোঝাই ট্রাক


প্রশাসন ও ভূমি দপ্তর। সুবর্নরেখা নদীর বালি খাদন গুলো থেকে তিনটি পকলেন ও একটি বেআইনি বালি বোঝাই ট্রাক বাজেয়াপ্ত করে চার লক্ষ টাকা জরিমানা করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। ঝাড়গ্রাম জেলা প্রশাসনের এক উচ্চপদস্থ আধিকারিক জানান,বেআইনি বালি কারবারের বিরুদ্ধে অভিযান চলবে। বেআইনি বালি মাফিয়াদের বিরুদ্ধে এনিয়ে পরপর বেশ কয়েকবার অতর্কিতে পুলিশের তল্লাশি অভিযান চললো।অভিযান চালিয়ে তিনটি পকলেন ও একটি অবৈধ বালি বোঝাই ট্রাককে আটক করে চার লক্ষ টাকা জরিমানা করা হয়।

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## প্রেম করছেন মধুমিতা!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : ভারতীয় টেলিভিশন স্টার জলসায় প্রচারিত জনপ্রিয় ধারাবাহিক 'বোঝেনা সে বোঝেনা' তে 'পাখি' চরিত্রে অভিনয় করে তুমুল দর্শকপ্রিয়তা লাভ করেন মধুমিতা সরকার। বাংলাদেশেও তার ভক্ত সংখ্যা কম নয়!

১৮ পেরোতে না পেরোতেই মধুমিতা ভালোবেসে ঘর বাঁধেন অভিনেতা সৌরভের সঙ্গে। কিন্তু এ সংসার বেশি দিন টিকেনি। ২০১৯ সালে সৌরভের সঙ্গে বিবাহবিচ্ছেদ ঘটে তার। তারপর থেকে আর কারো সঙ্গে সম্পর্কে জড়ানোর গুঞ্জনও শোনা যায়নি এই অভিনেত্রীর।

গত পাঁচ বছরে তিনি ছিলেন টলিপাড়ার অন্যতম 'সিঙ্গেল' অভিনেত্রী। তবে এই দুর্গাপূজায় নিজের জীবনের নতুন আরম্ভের কথা জানালেন তিনি। প্রেম করছেন, আনন্দবাজার অনলাইনকে নিজেই জানালেন অভিনেত্রী।

সপ্তমীর মধ্যরাতে মধুমিতার হাতের উপর রাখা আর একটি হাত। চারপাশে নিস্তব্ধতা। অভিনেত্রী লিখলেন, 'নতুন শুরু'। আরো একটি ছবি এলো প্রকাশ্যে, সেখানে প্রেমিকের সঙ্গে একই ফ্রেমে ধরা দিলেন। মধুমিতার পরনে কালো শাড়ি। অভিনেত্রীর সঙ্গে রংমিলান্তি করে কালো শার্ট পরেছিলেন তার প্রেমিক। জানা গেছে মধুমিতার নতুন প্রেমিকের নাম দেবমাল্য চক্রবর্তী। এই প্রসঙ্গে মধুমিতা বলেন, 'হ্যাঁ প্রেম করছি। তবে খুব সম্প্রতি আমাদের সম্পর্কটা শুরু হয়েছে।'

মধুমিতা ও তার প্রেমিক দেবমাল্য চক্রবর্তী। ছবি: ইনস্টাগ্রামঅনলাইন টিভি স্ট্রিমিং পরিষেবা

তবে কি খুব শীঘ্রই চার হাত এক হবে তাদের? শুনেই অভিনেত্রী বলেন, 'সবে প্রেমের শুরুটা হয়েছে। বিয়ে নিয়ে এখনই কিছু ভাবিনি।' তবে তার প্রেমিক অভিনয় জগতের কেউ নন। কিন্তু সামাজিকমাধ্যমের পাতায় অনেক অভিনেত্রীই দেবমাল্যকে অনুসরণ করেন। মধুমিতার কথায়, 'সে কী করে, এখন একটু চাপাই থাক।'

## ইমরান হাশমির সঙ্গে অন্তরঙ্গ দৃশ্যে অভিনয়, এবার মুখ খুললেন মল্লিকা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : দুই যুগ আগে মুক্তি পেয়েছিল ইমরান হাশমি এবং মল্লিকা শেরাওয়াত অভিনীত 'মার্ডার'। আর এই সিনেমা মুক্তির সঙ্গে সঙ্গেই রাতারাতি তারকা বনে গিয়েছিলেন দুজন। 'মার্ডার' পরিচালনা করেছিলেন অনুরাগ বসু এবং প্রযোজনা করেছিলেন মুকেশ ভাট। মুক্তির পর সিনেমাটি দুর্দান্ত সাফল্য পেয়েছিল।

সিনেমাটিতে ইমরান হাশমি এবং মল্লিকা শেরাওয়াতের রসায়ন আজও দর্শকমনে স্পষ্ট। বিশেষ করে তাদের অন্তরঙ্গ অভিনয় নিয়ে তুমুল আলোচনার সৃষ্টি হয়েছিল। তবে এরপর আর কোনও চলচ্চিত্রে জুটি বাঁধা তো দূর, একসঙ্গে কাজও করেননি তারা। বরং তিক্ত থেকে তিক্ততর হয় দুজনের সম্পর্ক। প্রকাশ্যেও একে অপরের উদ্দেশ্যে কটাক্ষ করতে দেখা গেছে তাদের। তবে সেসব বিবাদ মিটেছে বলেই মনে হচ্ছে এখন। ২০ বছর পর প্রযোজক আনন্দ পন্ডিতের মেয়ের বিয়ের অনুষ্ঠানে মুখোমুখি দেখা হতেই পরস্পরকে জড়িয়ে ধরেন ইমরান ও মল্লিকা। পাপারাৎজিদের সামনে হাসিমুখে পোজও দেন তারা, সঙ্গে চলে সামান্য খুনসুটি।

এবার এক সাক্ষাৎকারে তাদের দীর্ঘ বছরের ঝামেলার মূল কারণ ফাঁস করলেন মল্লিকা শেরাওয়াত। ইমরান হাশমির সঙ্গে তার ঝগড়ার প্রসঙ্গে মল্লিকা বলেন, 'সেই সময় আমাদের দু'জনেরই বয়স অল্প। অল্পতেই মাথা গরম হয়ে যেত, দুজনেরই ইগো ছিল অনেকটাই। সঙ্গে বোকাও ছিলাম আমরা। এবং সেই সুযোগটাই নেয় ইন্ডাস্ট্রির অনেক মানুষ। আসলে এখানে কুমন্ত্রণা দেওয়া মানুষের অভাব নেই সেটাই হয়েছিল আমাদের ক্ষেত্রে।'

সামান্য থেমে ইমরানের বিষয়ে মল্লিকা ফের বলে ওঠেন, 'মানুষ হিসাবে ইমরান অসাধারণ খুব ভদ্র। মার্ডার সিনেমার শুটিংয়ে আমার সঙ্গে সেই সব ঘনিষ্ঠ দৃশ্যে ও নিজের চূড়ান্ত ভদ্রতাবোধ দেখিয়েছিল আমার বিন্দুমাত্র অস্বস্তি হতে দেয়নি। সেই সিনেমার পর থেকে আজ পর্যন্ত অভিনেতা হিসেবে নিজেকে যেভাবে ভেঙেচুরে গড়েছে ইমরান এক কথায় তা অবিশ্বাস্য।'

ভবিষ্যতে ফের একসঙ্গে জুটি বাঁধতে চান জানিয়ে মল্লিকা আরও বলেন, 'আমি তো ভীষণভাবে চাই ইমরানের সঙ্গে জুটি বেঁধে ফের একবার পর্দায় আসতে। এরকম সুযোগের অপেক্ষায় আছি। দেখা যাক।' উল্লেখ্য, মল্লিকাকে সর্বশেষ দেখা গেছে 'ভিকি-বিদ্যা কা বো ওয়ালা ভিডিও' সিনেমায়। সদ্যই মুক্তি পেয়েছে সিনেমাটি। বেশ লম্বা সময় পর পর্দায় হাজির হলেন অভিনেত্রী।

## সেন্সর বোর্ডের ছাড়পত্র পেল কঙ্গনার 'ইমার্জেন্সি', কবে মুক্তি?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : অবশেষে আইনি জট কাটিয়ে 'ইমার্জেন্সি' ছবি মুক্তির ইঙ্গিত মিলেছে। খোদ কঙ্গনা রানাওয়াতই দাবি করেছেন, সেন্সর বোর্ড তাদের ছবিকে ছাড়পত্র দিয়েছে। ছবির ট্রেলার প্রকাশ্যে আসার পর থেকেই বিতর্কের সূত্রপাত। মুক্তি নিয়ে একের পর এক বিতর্ক যা গিয়েছে আদালত পর্যন্ত। ১৭ অক্টোবর সামাজিকমাধ্যমে কঙ্গনা জানিয়েছেন, সেন্সর বোর্ডের তরফে 'ইমার্জেন্সি'কে ছাড়পত্র দেয়া হয়েছে। ইনস্টাগ্রামের স্টোরিতে কঙ্গনা লেখেন, 'আমরা আমাদের ছবি 'ইমার্জেন্সি'র জন্য সেন্সর বোর্ডের তরফে ছাড়পত্র হাতে পেয়েছি। খুব শীঘ্রই আমরা ছবি মুক্তির দিন ঘোষণা করব। আপনাদের ধৈর্য্য এবং সমর্থনের জন্য ধন্যবাদ।'

এই ছবিতে সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর চরিত্রে দেখা যাবে কঙ্গনাকে। চিত্রনাট্যও লিখেছেন তিনি। কঙ্গনার এই ছবি শিখ ভাবাবেগে আঘাত করেছে বলে অভিযোগ শিরোমণি অকালি দলের। এমনকি এই ছবির জন্য নাকি হুমকিও পেয়েছেন অভিনেত্রী। ৬ সেপ্টেম্বর মুক্তি পাওয়ার কথা ছিল কঙ্গনা পরিচালিত ছবির। কিন্তু ছবি মুক্তির ওপর স্থগিতাদেশ দেয় আদালত।

এরপর সেন্সর বোর্ডের সঙ্গে নির্মাতাদের দীর্ঘ বিবাদ চলে আদালতে। কঙ্গনা অভিযোগ করেন, সেন্সর বোর্ড অহেতুক তাদের ছবিকে ছাড়পত্র দিচ্ছে না। এর আগে আদালত ছবির ছাড়পত্র প্রসঙ্গে সিবিএফসি (সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশন)-কে ২৫ সেপ্টেম্বরের মধ্যে সিদ্ধান্ত গ্রহণের নির্দেশ দেয়। বিপরীতে সেন্সর বোর্ডের তরফে আইনজীবী অভিনব চন্দ্রচূড় আদালতে জানান, ছবিটিকে ছাড়পত্র দেয়া যেতে পারে। তবে সে ক্ষেত্রে কিছু দৃশ্যে কাঁচি চালাতে হবে।

এখন সেন্সর বোর্ড ছবিটিকে অক্ষত অবস্থায় মুক্তির ছাড়পত্র দিয়েছে, নাকি নির্মাতাদের কয়েকটি দৃশ্য পরিবর্তন করতে হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। তবে ছবিটি যে মুক্তি পাবে, তা জেনে খুশি কঙ্গনার অনুরাগী-ভক্তরা।

## ফের সালমানকে হুমকি! চিন্তায় ছবির নির্মাতারা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : ভারতের মহারাষ্ট্রের সাবেক মন্ত্রী বাবা সিদ্দিকি খুন হওয়ার পর থেকেই সালমান খানের নিরাপত্তা জোরদার করেছে মুম্বাই পুলিশ। লাগাতার হুমকি পাচ্ছেন বলিউডের ভাইজান। আতঙ্ক ও চিন্তায় আছে নায়কের ঘনিষ্ঠজনরাও। এরই মধ্যে বৃহস্পতিবার তদন্তের চার্জশিটে একাধিক তথ্য প্রকাশ করেছে মুম্বাই পুলিশ। জানা গেছে, গ্যাংস্টার লরেন্স বিষ্ণোইয়ের দলের লোকেরা এরই মধ্যে গুজব ছড়িয়েছে, ভাইজানের আগামী ছবি 'সিকান্দার'-এর শুটিং নাকি সাময়িকভাবে বন্ধ হয়ে যেতে পারে। তবে নিরাপত্তা সুনিশ্চিত করতে সালমানকে 'ওয়াই' কাটাগরির নিরাপত্তা দিয়েছে মহারাষ্ট্র সরকার। ১২ অক্টোবর মুম্বাইয়ে বাবা সিদ্দিকি খুন হন। সেই সময় 'সিকান্দার' ছবির শুটিং করছিলেন ভাইজান। খবর পেয়েই তিনি শুটিং ফ্লোর থেকে সরাসরি হাসপাতালে পৌঁছান। পরের দিন অভিনেতা সিদ্দিকির শেষকৃত্যেও উপস্থিত ছিলেন।

খবর ছড়ায়, নিরাপত্তার কারণে সালমানের ছবির শুটিংয়ের তারিখ ও সময় বাতিল করা হয়েছে। কিন্তু অভিনেতার এক ঘনিষ্ঠ সূত্র এই দাবি নাকচ করে দিয়ে জানিয়েছেন, সালমানের সঙ্গে সব সময়েই নিরাপত্তারক্ষীরা রয়েছেন। বাবা সিদ্দিকি খুন হওয়ার পর এখন সেই দলে আরো আট-দশজন কর্মী যুক্ত হয়েছেন। শুটিং ফ্লোরে সালমান উপস্থিত হওয়ার আগেই সুরক্ষা দল পৌঁছে যায়। সদস্যেরা আগে শুটিং ফ্লোর খতিয়ে দেখেন। তারপর সেটে প্রবেশ করেন ভাইজান। এই মুহূর্তে মুম্বাইয়ে বান্দ্রায় ভাইজানের বাড়ির বাইরেই চব্বিশ ঘণ্টা পুলিশ মোতায়েন করা হয়েছে। বাড়ির সামনে রাখা হয়েছে গার্ড রেল। বসানো হয়েছে অত্যাধুনিক সিসিটিভি ক্যামেরা।

সূত্রের দাবি, সালমানের নিরাপত্তার কারণে ছবির শুটিং কয়েক দিনের জন্য পিছিয়ে যেতে পারে। কিন্তু তার মানে এই নয় যে এখন ছবির শুটিং বন্ধ হয়ে যাবে। নির্মাতারা আগামী ডিসেম্বর নাগাদ ছবির শুটিং শেষ করতে চেয়েছিলেন কিন্তু বর্তমান পরিস্থিতিতে ছবির শুটিং সম্ভবত জানুয়ারি মাস নাগাদ শেষ হবে। আগামী বছরের মার্চে মুক্তি পাবে এআর মুরুগাদস পরিচালিত 'সিকান্দার'।

## বিয়ের ১ যুগ পর মা হচ্ছেন রাধিকা




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : বিয়ের ১২ বছর পর মা হতে যাচ্ছেন ভারতীয় সিনেমার আলোচিত অভিনেত্রী রাধিকা আপ্তে। ইনস্টাগ্রামে বেবি বাম্পের ছবি প্রকাশ করে মা হতে যাওয়ার ঘোষণা দেন তিনি। ব্রিটিশ ভায়োলিন বাদক ও সংগীতজ্ঞ বেনেডিক্ট টেলর ও রাধিকা দম্পতির এটি প্রথম সন্তান।

যুক্তরাজ্যের লন্ডনে চলছে বিএফএল লন্ডন ফিল্ম ফেস্টিভ্যাল-২০২৪। এতে প্রদর্শিত হয় রাধিকা অভিনীত 'সিস্টার মিডনাইট' সিনেমা। এ আসরে অন্তঃসত্ত্বা রাধিকা উপস্থিত হয়ে সবাইকে চমকে দেন। কারণ তার মা হতে যাওয়ার খবরটি গোপন ছিল। এ মঞ্চে তোলা ছবি নিজের ইনস্টাগ্রামে পোস্ট করেন রাধিকা।

বেবি বাম্পের ছবি প্রকাশের পর থেকে শুভেচ্ছা বার্তায় ভাসছেন রাধিকা আপ্তে। ভক্ত-অনুরাগীদের পাশাপাশি সহকর্মীরা অভিবাদন জানাচ্ছেন।

প্রসঙ্গত, লন্ডনে নাচ শিখতে গিয়ে ২০১১ সালে ব্রিটিশ ভায়োলিন বাদক ও সংগীতজ্ঞ বেনেডিক্ট টেলরের সঙ্গে রাধিকার পরিচয় হয়। ২০১২ সালে বিয়ে করেন এ জুটি। এরপর কেটে গেছে দীর্ঘ ১২ বছর। অবশেষে এ দম্পতির সংসার আলো করে আসছে নতুন অতিথি।

# শূন্যের রেকর্ড 'কিং' কোহলির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারত তো বটেই ক্রিকেটাঙ্গন বিরাট কোহলির নামের আগে জুড়ে যাওয়া 'কিং' শব্দের সাথে অনেকটা রাজসিকভাবে অভ্যস্ত হয়ে গিয়েছিল। তবে এক সময় তিন ফরম্যাটে অবিশ্বাস্য ফরমের ধারাবাহিকতা ধরে রাখা বিরাট কোহলি টেস্টে অনেকদিন ধরেই নিজের ছায়া হয়ে আছেন।

এই বছর এখনও পর্যন্ত টেস্টে অর্ধশতরান নেই বিরাটের ব্যাটে। শেষ শতরানটি এসেছিল গত বছর ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে। ২০১৯ সালে বাংলাদেশের বিরুদ্ধে শতরানের পর টেস্টে তিন অঙ্কে পৌঁছতে বিরাটের লেগেছিল চার বছর।

নিউজিল্যান্ডের বিপক্ষে প্রথম টেস্টে প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে ৪৬ রানে অলআউট হয়ে যাওয়ার লজ্জায় পড়েছে ভারত।আকাশী নীলদের বিবর্ণ ব্যাটিং প্রদর্শনী উলটপালট করে দিয়েছে রেকর্ডের পাতা। তবে বিরাট কোহলি ব্যক্তিগত লোক এক লজ্জার রেকর্ডেরও সঙ্গী হয়েছেন এদিন।

বাংলাদেশের সঙ্গে সাদামাটা এক সিরিজ কাটানো কোহলি এদিন ফিরেছেন রানের খাতা খোলার আগেই।আর তাতে ঢুকে পড়েন অনাকাঙ্খিত এক ইতিহাসের পাতায়। বৃহস্পতিবার আন্তর্জাতিক ক্রিকেটে ৩৮তম বার শূন্য রানে আউট হলেন বিরাট। এখনকার ক্রিকেটারদের মধ্যে সর্বাধিক। ভারতীয় ব্যাটারদের মধ্যে তাঁর থেকে বেশি বার শূন্য রানে আউট আর কেউ হননি। জাহির খান (৪৩) এবং ইশান্ত শর্মা (৪০) তাঁর থেকে এগিয়ে থাকলেও দু'জনেই বোলার।

কিছু দিন আগেই আন্তর্জাতিক ক্রিকেটে ২৭ হাজার রানের মাইলফলক পার করেছেন বিরাট। টেস্টে ৯ হাজার রানের মাইলফলক ছুঁতে আর মাত্র ৫৩ রান প্রয়োজন তাঁর। এক দিনের ক্রিকেটে আর ৯৪ রান করলেই ছুঁয়ে ফেলবেন ১৪ হাজার রানের মাইলফলক। টি-টোয়েন্টি ক্রিকেটে অবসর নিয়েছেন ৪১৮৮ রান করে। কিন্তু এক সময় সব ধরনের ক্রিকেটে বিরাটের গড় ছিল ৫০-এর উপরে কখনও কখনও তা ৬০-এর কাছেও পৌঁছে গিয়েছিল। কিন্তু বর্তমানে টেস্টে বিরাটের গড় ৪৮.৮৯। ২০১৯-এর নভেম্বরে বাংলাদেশের বিরুদ্ধে শতরানের পর থেকে এখনও পর্যন্ত মাত্র দু'টি শতরান করেছেন। ক্রমশ কমছে বিরাটের গড়।

# ইউনাইটেডের সুদিন ফেরাতে র‍্যাটক্লিফকে সময় দিতে হবে: বেকহ্যাম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জিম র‍্যাটক্লিফ ম্যানচেস্টার ইউনাইটেডের ভাগ্যের চাকা ঠিকই ঘুরাতে পারবেন। তবে পুরনো ঐতিহ্য ফিরিয়ে আনতে হলে তাকে কিছুটা সময় দিতে হবে বলে মনে করেন ডেভিড বেকহ্যাম।

ব্রিটিশ ধনকুবের র‍্যাটক্লিফের ইনিওস বছরের শুরুতে ইউনাইটেডের আংশিক মালিকানা কিনে নেয়। গত বছর এফএ কাপের শিরোপা জয় করলেও নতুন মৌসুমে ইউনাইটেডের শুরুটা মোটেই ভাল হয়নি। সাত ম্যাচ পর এই মুহূর্তে প্রিমিয়ার লিগ টেবিলের ১৪তম স্থানে রয়েছে ইউনাইটেড। ইউরোপা লিগেও টানা দুই ম্যাচে জয়বিহীন রয়েছে। যে কারনে কোচ এরিক টেন হাগের উপর চাপ ক্রমশ বাড়ছেই।

ইউনাইটেডের জার্সিতে ছয়টি প্রিমিয়ার লিগ, দুটি এফএ কাপ ও চ্যাম্পিয়ন্স লিগের শিরোপা জেতা বেকহ্যাম বিশ্বাস করেন র‍্যাটক্লিফ ও তার দলের উপর সমর্থকরা আস্থা রাখবে। ফেব্রুয়ারিতে র‍্যাটক্লিফ গ্লেজার পরিবারের কাছ থেকে ইউনাইটেডের আংশিক মালিকানা কিনে নেয়। ২০০৫ সালে ক্লাবের দখল নেবার পর থেকে মার্কিন গ্লেজার পরিবার সমর্থকদের কাছে কখনই জনপ্রিয় হতে পারেনি।

ম্যানচেস্টার ইউনাইটেডের সাবেক ডিফেন্ডার রিও ফার্দিনান্দের পডকাস্টে বেকহ্যাম বলেছেন ক্লাবের পরিবর্তন এবং একটি নতুন দৃষ্টিভঙ্গির প্রয়োজন ছিল। এ সময় তিনি আরো বলেন, 'আমি সত্যিকার অর্থেই জিমকে পছন্দ করি। কয়েকজন বন্ধুর সুবাদে বেশ কয়েক বছর যাবত আমি তার সাথে অনেকবারই দেখা করেছি। তিনি অনেক বড় একজন ব্যবসায়ী, পেশাদার জীবনে তার বেশ সুনাম রয়েছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে সমর্থকরা তাকে ভালভাবে গ্রহণ করেছে। আমি মনে করি ক্লাবের অনেক বড় একটি অংশ হিসেবে সে ভূমিকা পালন করছে। র‍্যাটক্লিফের নেতৃত্বের উপর সমর্থকদের আস্থা আছে।আশা করছি পরিস্থিতির অবশ্যই পরিবর্তন হবে, যদিও এজন্য সময়ের প্রয়োজন।

সমর্থকরাও দীর্ঘদিন ধরে ধৈর্য্য ধারণ করেছে। কিন্তু আমরা সবাই পুরনো সেই ভাল দিনগুলো আবারো দেখতে চাই। আর সেটা যত দ্রুত হবে ততই মঙ্গল।'

২০১৮ সাল থেকে মেজর লিগ সকার ক্লাব ইন্টার মিয়ামির মালিকানা ধরে রেখেছেন বেকহ্যাম। গত বছর ইন্টার মিয়ামি লিওনের মেসির মত সুপারস্টারকে দলে ভিড়িয়েছে। আর সেটা সম্ভব হয়েছে বেকহ্যামের জন্যই।

## বেতন কমিয়ে হলেও খেলতে চান পগবা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ডোপিং নিষেধাজ্ঞা কাটিয়ে ইউভেন্তুসের হয়েই মাঠে ফিরতে চান পল পগবা। আর এজন্য প্রয়োজনে বেতন কম নিতেও তিনি রাজী। ইতালিয়ান দৈনিক পত্রিকা লা গাজ্জেতা দেলো স্পোর্ত-কে দেয়া এক সাক্ষাতকারে ফরাসি বিশ্বকাপ জয়ী মিডফিল্ডার এমনটাই বলেছেন।

ইতালিয়ান পত্রিকাটির ওয়েবসাইটে প্রকাশিত সাক্ষাতকারে পগবা বলেন, 'ইউভেন্তুসের হয়ে আবারো খেলার সুযোগ পেলে প্রয়োজনে বেতন কমাতেও রাজী আছি। আমি এই ক্লাবেই ফিরতে চাই। বাস্তবতা হচ্ছে আমি ইউভেন্তুসের খেলোয়াড় এবং এই ক্লাবে খেলার প্রস্তুতি নিচ্ছি।'

ইতালিয়ান জায়ান্টদের হয়ে পগবার চুক্তি ২০২৬ সালের জুনে শেষ হবে। বর্তমানে তার বাৎসরিক বেতন আট মিলিয়ন ইউরো। তবে নিষেধাজ্ঞা শুরুর পর থেকে তারকা এই মিডফিল্ডার মাসে দুই হাজার ইউরোর কিছু বেশী বেতন পাচ্ছেন।

নিষেধাজ্ঞা কমানোর পর ইতালিয়ান বিভিন্ন গণমাধ্যমে রিপোর্ট হয়েছে পগবার সাথে চুক্তি বাতিল করতে চায় ইউভেন্তুস। ম্যানচেস্টার ইউনাইটেডের সাবেক এই তারকা আরো বলেছেন, 'এটা সম্পূর্ন নতুন এক পগবা, আরো বেশী ক্ষুধার্ত, জ্ঞানী এবং শক্তিশালী। আমি শুধুমাত্র ফুটবল খেলতে চাই। ইউভেন্তুসের হয়ে অনুশীলন ও মাঠে নামতে আমি পুরোপুরি প্রস্তুত। আমার মাথায় সবসময় একটি বিষয় কাজ করে আমি ইউভেন্তুসের খেলোয়াড়। এই মুহূর্তে আর কোন কিছুই মাথায় নেই।'

ডোপ টেস্টে ধরা পড়ে চার বছরের জন্য নিষিদ্ধ হয়েছিলেন পগবা। এরপর সর্বোচ্চ ক্রীড়া আদালত সিএএস অক্টোবরের শুরুতে তার এই নিষেধাজ্ঞা ১৮ মাসে কমিয়ে নিয়ে আসে। আগামী বছর ১১ মার্চ ৩২তম জন্মদিনের চারদিন আগে পগবা মাঠে ফিরতে পারবেন। ২০২৩ সালের অগাস্টে উদিনেসের বিপক্ষে সিরি-এ ম্যাচের পর পগবার দেহে ডোপ টেস্টের ফলাফল পজিটিভ আসে। ঐ বছরই সেপ্টেম্বরে তাকে প্রাথমিকভাবে নিষিদ্ধ করা হয়। এরপর ইতালিয়ান ন্যাশনাল এন্টি-ডোপিং ট্রাইবুন্যাল ফেব্রুয়ারিতে তাকে চার বছরের জন্য নিষিদ্ধ করে।

# ইংল্যান্ডকে বিশ্বকাপ জেতাতে চান টুখেল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১৯৬৬ সালে ইংল্যান্ড ফুটবল দল সবশেষ বিশ্বকাপ জিতেছিল। এরপর আর কোনো বড় শিরোপার স্বাদ পায়নি দলটি। ইংলিশদের সেই আক্ষেপ এবার ঘুচাতে চান নতুন কোচ টমাস টুখেল। ২০২৬ বিশ্বকাপে 'স্বপ্ন সত্যি করতে' কাজ করার প্রত্যয় জানালেন এই জার্মান কোচ।

টুখেলকে দেড় বছরের জন্য নিয়োগ দিয়েছে ইংল্যান্ড। ২০২৬ বিশ্বকাপকে সামনে রেখেই হ্যারি কেইনদের দায়িত্ব নিয়েছেন তিনি। ২০২৫ সালের জানুয়ারি থেকে কাজ শুরু করবেন টুখেল। এবারই প্রথম কোনো জাতীয় দলের দায়িত্ব নিলেন চেলসিকে চ্যাম্পিয়ন্স লিগ জেতানো এই কোচ।

২০২৬ বিশ্বকাপকে সামনে রেখে লক্ষ্যের কথা জানিয়ে টুখেল বলেন, 'খুব দ্রুতই বুঝতে পেরেছি, এটি বড় কাজ। জানুয়ারি থেকে বিশ্বকাপ পর্যন্ত একটা সময় মনে বেঁধে নিয়েছি, আমি এখনই অনেক রোমাঞ্চিত যে এই দলকে এগিয়ে নেওয়ার জন্য আমার আবেগের সঙ্গে এটি মানানসই। এই জার্সিতে দ্বিতীয় তারকা চিহ্ন বসানোর চেষ্টা করব।'

১৯৬৬ বিশ্বকাপ জয়ের পর আর কখনও বিশ্ব মঞ্চে ফাইনালেই উঠতে পারেনি ইংল্যান্ড। গ্যারেথ সাউথগেটের কোচিংয়ে ২০১৮ বিশ্বকাপে তারা খেলে সেমি-ফাইনালে, ২০২২ সালে কোয়ার্টার-ফাইনালে। গত দু'টি ইউরোর ফাইনালে উঠে তারা হেরে যায় দু'বারই।

# কতদিন খেলবেন মেসি?

## যা বললেন আর্জেন্টিনার কোচ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চোট থেকে ফিরেই পুরোনো রূপে ধরা দিয়েছেন আর্জেন্টিনা অধিনায়ক লিওনেল মেসি। বয়স যেন কিছুতেই ছুঁতে পারছে না তাকে। বিশ্বকাপ বাছাই পর্বে ১৬ অক্টোবর হ্যাটট্রিক করেছেন বলিভিয়ার বিপক্ষে। যাতে স্পর্শ করেছেন আন্তর্জাতিক ফুটবলে ক্রিশ্চিয়ানো রোনালদোর একটি রেকর্ড। প্রবল প্রতিদ্বন্দ্বী রোনালদোর সমান ১০টি হ্যাটট্রিক এখন মেসির।

ক্লাব ইন্টার মায়ামির হয়েও ছন্দে আছেন মেসি। চলতি মাসের শুরুতে জোড়া গোল করে মায়ামিকে জেতান সাপোর্টার্স শিল্ডের শিরোপা। চোট থেকে ফেরা মেসি যেন সেই কৈশোরে ফিরে গেছেন। তাকে দেখে বোঝার উপায় নেই বয়স ৩৭ পার হয়েছে।

মেসিও মাঝেমধ্যে ক্লান্ত হন। বয়সের সঙ্গে পেরে ওঠেন না বলে ইদানিং তাকে প্রায় ম্যাচেই পুরো ৯০ মিনিট খেলান না কোচেরা। তবু যতটা সময় পান, নিজের দিনে প্রতিপক্ষকে তছনছ করে দেন। চোট ও অফফর্ম মিলিয়ে কিছুদিন মেসিকে ঘিরে শঙ্কা ছিল। উঠেছিল অবসরের কথাও। তবে, আর্জেন্টাইন কোচ স্কালোনি মনে করেন, যতদিন ইচ্ছা খেলা চালিয়ে যাবেন মেসি। ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে এমন কথাই বলেন তিনি। খবর গোল ডটকমের।

স্কালোনি বলেন, 'মেসি কখনোই আমাকে হতাশ করে না। সে অনবদ্য। তার খেলা দেখে মনে হয় সে এখন কৈশোরে ফিরে গেছে। তার থামা নিয়ে অনেক কথা হয়। আমার মনে হয়, যতদিন সে খেলতে চায় ততদিন খেলুক। তাকে খেলতে দেখা ও মাঠে তার পারফর্ম্যান্সের সাক্ষী হওয়ার ব্যাপারটাই দুর্দান্ত।'

## সবচেয়ে বেশি পারিশ্রমিক পাওয়া ফুটবলার রোনালদো



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এ বছর বিশ্বের সবচেয়ে বেশি বেতন পাওয়া খেলোয়াড়দের তালিকায় শীর্ষে অবস্থান করছেন পর্তুগালের ফুটবলার ক্রিস্টিয়ানো রোনালদো। খবর তাসের।

ফোর্বস ম্যাগাজিন প্রকাশিত ২০২৪ সালে বিশ্বের সবচেয়ে বেশি বেতন পাওয়া খেলোয়াড়দের তালিকায় শীর্ষে অবস্থান করা ক্রিস্টিয়ানো রোনালদো বর্তমানে সৌদি আরবের ফুটবল ক্লাব আল নাসরের হয়ে খেলছেন।

৩৯ বছর বয়সী রোনালদো গত এক দশকে ষষ্ঠবারের মতো তালিকার শীর্ষে রয়েছেন। এই মৌসুমে তিনি ২২০ মিলিয়ন ডলার আয় করবেন বলে ধারণা করা হচ্ছে।

খেলার মাঠের বাইরে বিভিন্ন অনুষ্ঠান থেকে তিনি এ বছর আয় করেছেন আরো ৬৫ মিলিয়ন ডলার, ফলে এ বছর তার মোট উপার্জন ২৮৫ মিলিয়ন ডলার ছাড়িয়ে যেতে পারে।

২০২৩ সালে রোনালদোর মোট আয় ছিল ২৬০ মিলিয়ন ডলার।

ফোর্বসের তালিকায় এ বছর দ্বিতীয় অবস্থানে আছেন আর্জেন্টিনার তারকা ফুটবলার লিওনেল মেসি, যিনি বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রের ইন্টার মিয়ামি ফুটবল ক্লাবে (মেজর সকার লীগ) খেলছেন। তার আনুমানিক ১৩৫ মিলিয়ন ডলার।

এরপর আছেন সৌদি আরবের ফুটবল ক্লাব আল হিলালের ব্রাজিলিয়ান ফরোয়ার্ড নেইমার। মাঠে তার আয় ৮০ মিলিয়ন এবং মাঠের বাইরে ৩০ মিলিয়ন ডলার।

তালিকায় শীর্ষ দশে অবস্থান করা অন্য ফুটবলাররা হচ্ছেন- সৌদি আরবের আল ইত্তিহাদ ক্লাবে খেলা ফরাসি ফুটবলার করিম বেনজেমা (মোট ১০৪ মিলিয়ন, মাঠে ১০০ এবং মাঠের বাইরে ৪ মিলিয়ন), স্প্যানিশ ক্লাব রিয়াল মাদ্রিদের ফরাসি স্ট্রাইকার কাইলিয়ান এমবাপ্পে (মোট আয় ৯০ মিলিয়ন, মাঠে ৭০ ও মাঠের বাইরে ২০ মিলিয়ন), ইংল্যান্ডের ম্যানচেস্টার সিটিতে খেলা নরওয়ের এরলিং হ্যাল্যান্ড (মোট আয় ৬০ মিলিয়ন, মাঠে ৪৬ ও মাঠের বাইরে ১৪ মিলিয়ন), রিয়াল মাদ্রিদের তারকা ব্রাজিলের ভিনিসিয়াস (মোট আয় ৫৫ মিলিয়ন, মাঠে ৪০ এবং মাঠের বাইরে ১৫ মিলিয়ন), ইংল্যান্ডের লিভারপুলে খেলা মিশরের মোহাম্মদ সালাহ (মোট আয় ৫৩ মিলিয়ন, মাঠে আয় ৩৫, বাইরে ১৮ মিলিয়ন), সৌদির আল নাসরে খেলাম সেনেগালের সাদিও মানে (মোট আয় ৫২ মিলিয়ন, মাঠে ৪৮ ও বাইরে মিলিয়ন), ইংল্যান্ডের ম্যানচেস্টার সিটিতে খেলা বেলজিয়ামের কেভিন ডি ব্রুইন (মোট আয় ৩৯ মিলিয়ন, মাঠে ৩৫ ও বাইরে ৪ মিলিয়ন)।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR